



Government of the People's Republic of Bangladesh
Rajshahi College, Rajshahi

e-mail: rajshahicollegebd@gmail.com, website:
www.rc.edu.bd

online news portal: rcbarta.com, fax: 0721-771511



স্মারক নং রাক/২০২৩-২৪/জার্নাল-২

তারিখ: ০৫/০৫/২০২৪ খ্রি.

প্রিয় মহোদয়,

Journal of Rajshahi College {দ্বি-ভাষিক (বাংলা ও ইংরেজি) পিয়ার রিভিউড জার্নাল}-এর ভলিউম ২ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত জার্নালে প্রকাশের জন্য আপনার নিকট থেকে প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। প্রবন্ধের প্রত্যাশিত বৈশিষ্ট্য নিচের প্রবন্ধকারের জন্য জ্ঞাতব্য অনুচ্ছেদে প্রদান করা হলো।

প্রবন্ধকারের জ্ঞাতব্য

Journal of Rajshahi College-এ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, কলা এবং ব্যবসায় শিক্ষা বিষয়ক বাংলা ও ইংরেজি ভাষায় রচিত গবেষণা-প্রবন্ধ ছাপা হয়। আত্মপ্রাণিকগণ উল্লিখিত যেকোনো বিষয়ে বাংলা বা ইংরেজি ভাষায় রচিত প্রবন্ধ জার্নালটিতে প্রকাশের জন্য জমা দিতে পারেন। অবশ্য কোনো প্রতিষ্ঠান বা পত্রিকায় প্রকাশিত বা প্রকাশের জন্য দাখিলকৃত প্রবন্ধ গ্রহণযোগ্য নয়। প্রকাশিতব্য প্রবন্ধের যেসমস্ত বৈশিষ্ট্য সম্পাদকমণ্ডলী প্রত্যাশা করেন, তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো-

১. প্রবন্ধের মৌলিকত্ব থাকতে হবে;
২. প্রবন্ধটি স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুসরণ করে রচিত হতে হবে;
৩. বাংলা এবং ইংরেজি উভয় প্রবন্ধের ক্ষেত্রে ইংরেজি ভাষায় অনূর্ধ্ব ১০০ শব্দের একটি সারসংক্ষেপ থাকতে হবে;
৪. বাংলা প্রবন্ধের বানান হবে বাংলা একাডেমি প্রমিত বানান অনুযায়ী, তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন করা যাবে না;
৫. শিকাগোশৈলী অনুযায়ী প্রবন্ধের তথ্যনির্দেশ পাদটীকায় প্রদান করতে হবে;
৬. প্রবন্ধের পরিসর ছয় হাজার শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়।

সম্পাদকের ঠিকানায় দুই কপি পাণ্ডুলিপি এবং তাঁর ই-মেইল-এ একটি সফট কপি জমা দিতে হবে। বাংলা প্রবন্ধের ক্ষেত্রে ফন্ট হবে বিজয় সফটওয়্যারের Sutonny MJ এবং ইংরেজি প্রবন্ধের জন্য Times New Roman। প্রবন্ধের আখ্যাপত্রে প্রবন্ধকারের প্রাতিষ্ঠানিক পদমর্যাদাসহ যোগাযোগের ঠিকানা (মোবাইল ফোন নম্বর ও ই-মেইলসহ) থাকতে হবে। **প্রবন্ধ প্রেরণের শেষ তারিখ ১৫ জুন ২০২৪ খ্রি।**


অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী



ড. মোঃ রেজাউল করিম

সহযোগী অধ্যাপক

ইতিহাস বিভাগ

রাজশাহী কলেজ, রাজশাহী;

এবং

সম্পাদক

Journal of Rajshahi College (ISSN 2959-8702)

মোবাইল ফোন: ০১৭১৬৮৮৮০৩০

ই-মেইল: editor.jrc@rc.edu.bd; jrc@rc.edu.bd